# খাবারের প্রতি দানায় লেখা আপনার নাম




হ্যাঁ। সরকার রেশন দোকানে খাদ্যশস্য, চিনি, কেরোসিন, তেল ইত্যাদি পাঠায়। জানেন কি এইসব খাদ্যশস্য ও দরকারি জিনিসপত্র আপনার নামে এলেও তা কীভাবে চলে যায় কালোবাজারে?

মজুত ও সরবরাহ-খাতায় ভুতুড়ে নামে রেশন বিলি, নকল রসিদে মাল বিক্রি, কম রেশন দিয়ে - বেশি মাল লিখে এইসব কালোবাজারি চলছে।

**তবে তথ্যের অধিকার আইন ২০০৫** মারফত আপনি রেশনের সব তথ্যই জানতে পারেন। রেশন দোকানের মজুত ও সরবরাহ-খাতা, রসিদ বই আপনি দেখতে চাইতে পারেন বা তার কপি চাইতে পারেন। এইসব তথ্য পাওয়ার পর আপনি রেশনিং অফিসারের কাছে অভিযোগ জানাতে পারেন।

**তথ্যের অধিকার আইন ২০০৫ অনুযায়ী : তথ্য জানার জন্য আপনি :**

- লিখিতভাবে তথ্য চাইতে পারেন {ধারা ৬-(১)}
- দলিল দস্তাবেজ, কাগজপত্র দেখতে চাইতে পারেন {ধারা ২-(জে)}

**কীভাবে**

- প্রত্যেক সরকারি অফিসে পাবলিক ইনফরমেশন অফিসার (পিআইও) নিযুক্ত হয়েছে {ধারা ৫-(১)}
- তথ্য জানার জন্য নামমাত্র ফি সহ আবেদন, আপনাকে পিআইও-র কাছে জমা দিতে হবে। আর পিআইও আবেদনের প্রাপ্তিস্বীকার করবেন {ধারা ৬-(১)}
- আবেদন জমা পড়ার ৩০ দিনের মধ্যে আপনার তথ্য পাওয়ার কথা {ধারা ৭-(১)}
- তথ্য পাওয়ার (অর্থাৎ তথ্যের ফটোকপি, সই করা প্রতিলিপি পাওয়া বা তথ্য দেখার জন্যও) আপনাকে ফি দিতে হবে {ধারা ৭-(৩)}
- দারিদ্রসীমার নিচে যাঁরা আছেন বা বিপিএলদের কোনো ফি দিতে হবে না {ধারা ৭-(৫)}

**তথ্য না পেলে বা ভুল তথ্য পেলে আপনি**

- ওই একই অফিসের বা দফতরের প্রথম আপিল আধিকারিকের কাছে আবেদন করুন। সাথে আপনার পুরনো আবেদন পত্রের কপিটিও জুড়ে দিন {ধারা ১৯-(১)}
- এর পরেও তথ্য না পেলে, রাজ্য সরকারের ক্ষেত্রে রাজ্য তথ্য কমিশন ও কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে কেন্দ্রীয় তথ্য কমিশনে আপিল করুন {ধারা ১৯-(৩)}
- যদি পিআইও আপনার আবেদন না নেয় অথবা আপনার আবেদনের কোনো উত্তর ৩০ দিনের মধ্যে না দেয়, তবে সরাসরি তথ্য কমিশনে অভিযোগ জানান {ধারা ১৮-(১)}
- পিআইও আবেদন জমা না নিলে, সময়মতো তথ্য না দিলে, জেনে বুঝে ভুল, অসম্পূর্ণ তথ্য দিলে অথবা নির্দিষ্ট তথ্য নষ্ট করে ফেললে - তথ্য কমিশন সেই পিআইওকে ২৫০ থেকে ২৫ হাজার টাকা অবধি জরিমানা করতে পারে {ধারা ২০}

**সমস্ত সরকারি বিভাগ ও দফতর নিজেদের দায়িত্বেই কিছু তথ্য স্বতঃস্ফূর্তভাবে ঘোষণা করবে {ধারা ৪(১)(বি)}**

**কমনওয়েল্থ হিউম্যান রাইট্স ইনিসিয়েটিভ**
বি-১১৭, সর্বোদয় এনক্লেভ, দোতলা, নতুন দিল্লী - ১১০ ০১৭
ফোন -০১১ ৪৩১৮ ০২০০, ৪৩১৮০২২৫৯৯
ফ্যাক্স : ২৬৮৬ ৪৬৮৮, ইমেল-info@humanrightsinitiative.org
ওয়েবসাইট - www.humanrightsinitiative.org

স্থানীয় যোগাযোগ :

**তথ্যের অধিকার বাঁচার অধিকার**

**তথ্য আমাদের মৌলিক অধিকার তথ্য দিতে দায়বদ্ধ সরকার**